



আমার নিয়োগকর্তা আমাদের স্বাস্থ্য বিমার সুবিধা দিলেও আমার পরিবার কি আর্থিক সাহায্যের জন্য যোগ্য হতে পারে?

আপনি যদি মনে করেন যে, আপনি বা আপনার পরিবারের সদস্যগণ আর্থিক সহায়তার জন্য যোগ্য হতে পারেন, তবে আবেদন সংশ্লিষ্ট সহায়তার জন্য NY State of Health-এর সাথে যোগাযোগ করুন:

📍 নঅলাইনে:
nystateofhealth.ny.gov

📞 ফোনের মাধ্যমে:
1-855-355-5777 অথবা TTY:
1-800-662-1220

📄 সশরীরে:
একটি প্রত্যয়িত সহকারীর কাছ থেকে বিনামূল্যে সহায়তা

NY State of Health যুক্তরাষ্ট্রের প্রযোজ্য নাগরিক অধিকার আইন ও রাষ্ট্রীয় আইন মেনে চলে এবং জাতি, বর্ণ, লিঙ্গ, বয়স, জাতীয় উৎপত্তি, ধর্মবিশ্বাস/ধর্ম, বৈবাহিক/পারিবারিক অবস্থা, গ্রেপ্তারের রেকর্ড, দোষী সাব্যস্ত অপরাধী, লিঙ্গ পরিচয়, যৌন প্রবণতা, পূর্বনির্ধারিত জেনেটিক বৈশিষ্ট্য, সামরিক অবস্থা, পারিবারিক সহিংসতার শিকারের অবস্থা এবং/অথবা প্রতিশোধের ভিত্তিতে বৈষম্য করে না।

পারিবারিক স্বাস্থ্য বীমা (Family Health Insurance) কভারেজ আরও সাশ্রয়ী হচ্ছে

NY State of Health এর মাধ্যমে আর্থিক সহায়তার ক্ষেত্রে যোগ্যতার নতুন নিয়ম

- 1 জানুয়ারী 2023 থেকে, পরিবারের সদস্যদের জন্য আর্থিক সহায়তার যোগ্যতা একজন নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত পারিবারিক কভারেজের সামর্থ্যের উপর ভিত্তি করে হবে।
- যদি পিডখমি ম পরিবারের আরও 8.39 শতাংশের কম হলে তবে একনট পারিবারিক কভারেজকে "সাশ্রয়ী" হিসেবে বিবেচনা করা হয়।
- যদি পারিবারিক কভারেজ অসাধ্য বলে বিবেচিত হয়, তাহলে পরিবারের সদস্যগণ আর্থিক সহায়তার জন্য যোগ্য হতে পারেন।
- এটি কর্মীদের সামর্থ্য যাচাইকে পরিবর্তন করে না। যদি কর্মী তাদের নিয়োগকর্তার মাধ্যমে সাশ্রয়ী একক (শুধুমাত্র কর্মী) কভারেজ পেতে পারেন, তাহলে তারা NY State of Health-এর মাধ্যমে আর্থিক সহায়তার জন্য যোগ্য হবেন না। যদিও, পরিবারের সদস্যগণ তবুও যোগ্য হতে পারেন।

2023 সালের আগে আর্থিক সহায়তার যোগ্যতার নিয়ম

- 2023 পর্যন্ত, একক (শুধুমাত্র কর্মী) কভারেজের খরচের উপর ভিত্তি করে স্বাস্থ্য বীমাকে "সাশ্রয়ী" হিসেবে বিবেচনা করা হয়।
- ততদিন পর্যন্ত, যদি একক (শুধুমাত্র কর্মী) কভারেজের ক্ষেত্রে প্রিমিয়াম কর্মীর পরিবারের আয়ের 9.61 শতাংশের কম হয়, তবে এটি সাশ্রয়ী হিসাবে বিবেচিত হয়। যেসকল কর্মীগণ তাদের নিয়োগকর্তার নিকট থেকে সাশ্রয়ী স্বাস্থ্য বীমা পেতে পারেন তারা NY State of Health পরিকল্পনার আর্থিক সহায়তার জন্য যোগ্য নন।
- যদি একজন কর্মী এই নিয়মের উপর ভিত্তি করে NY State of Health-এর মাধ্যমে আর্থিক সহায়তার জন্য যোগ্য না হন, তাহলে কর্মীর পরিবারের সদস্যরাও NY State of Health-এর মাধ্যমে আর্থিক সাহায্যের জন্য অযোগ্য। এটি সেক্ষেত্রেও প্রযোজ্য যেখানে একজন নিয়োগকর্তার দেওয়া পারিবারিক স্বাস্থ্য পরিকল্পনায় পরিবারের আয়ের 9.61 শতাংশের বেশি খরচ হয়।

আপনি কি করতে পারেন?

- NY State of Health Financial Assistance Calculator Tool ব্যবহার করুন: <https://info.nystateofhealth.ny.gov/estimate-financial-assistance>
- আপনি বা আপনার পরিবারের সদস্যগণ আর্থিক সহায়তার জন্য যোগ্য কিনা তা দেখার জন্য এই টুলটি একটি মোটামুটি হিসাব দেয়। আপনি আবেদন করার সময় আপনার প্রকৃত যোগ্যতা নির্ধারণ করা হবে।